

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

### পঞ্চগড়ে আহমদিয়া সম্প্রদায়ের ওপর হামলার নিন্দা ও বিচার দাবিঃ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)

[০৫ মার্চ ২০২৩, ঢাকা] পঞ্চগড়ে আহমদিয়া সম্প্রদায়ের ওপর হামলা এবং বাড়ি ভাংচুর ও আগুন দেয়ার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। একইসাথে এ হামলার সাথে জড়িতদের সুষ্ঠু তদন্তসাপেক্ষে চিহ্নিত করে দ্রুততার সাথে আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও বিচার নিশ্চিত করার দাবি জানাচ্ছে। এমন ঘটনা ঘটানোর আশংকা থাকা সত্ত্বেও আহমদিয়া সম্প্রদায়ের নিরাপত্তা ও জলসা আয়োজন করার যথাযথ পরিবেশ নিশ্চিত করতে ব্যর্থ হওয়ায় স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসার আহ্বান জানাচ্ছে। ফোরাম এ সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করার পাশপাশি ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পুনর্বাসন নিশ্চিত করার দাবি জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যাচ্ছে, গত ০৩ মার্চ আহমদিয়া সম্প্রদায়ের জলসাকে কেন্দ্র করে হামলা, সংঘর্ষ ও ভাংচুরের ঘটনা ঘটানোর দু'দিন পরও ঐ এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। আহমদিয়া সম্প্রদায়ের বিরুদ্ধে নানা গুজব ছড়িয়ে আবারো জনঅসন্তোষ তৈরি ও লোকজন জড়ো করে হামলার চেষ্টা চলছে বলে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হচ্ছে। ৩ মার্চের হামলার সাথে জড়িতদের এখন পর্যন্ত শনাক্ত করা যায়নি এবং কোনো মামলা দায়ের করা হয়নি বলে গণমাধ্যমসূত্রে জানা গেছে। এমন পরিস্থিতিতে এ সম্প্রদায়ের লোকজন চরম নিরাপত্তাহীনতা ও আতংক বোধ করছেন। হামলা ও আগুনে প্রায় শতাধিক পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানা যাচ্ছে। পুলিশের পক্ষ থেকে তারা সতর্ক অবস্থানে ছিলো বলে দাবি করা হয়েছে, তবে বাস্তবিক অবস্থায় যা প্রতীয়মান হচ্ছে না। প্রকৃতপক্ষে এ হামলা প্রতিরোধে ও আহমদিয়া সম্প্রদায়কে সুরক্ষা প্রদানে স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারেনি।

সাম্প্রতিক সময়ে বিভিন্ন ধর্মীয় জনগোষ্ঠীর ধর্মীয় অনুষ্ঠান ও উৎসবে হামলা হচ্ছে। ২০১৯ সালেও আহমদিয়া সম্প্রদায়ের জলসাকে ঘিরে এমন হামলার ঘটনা ঘটেছিল। এটি স্পষ্ট যে নানা রাজনৈতিক পৃষ্ঠপোষকতায় ধারাবাহিকভাবে বিভিন্ন অপপ্রচার ও গুজব রটিয়ে এ ধরনের হামলা ও সংঘর্ষ ঘটানো হচ্ছে যা অত্যন্ত ন্যাক্কারজনক এবং বাংলাদেশ রাষ্ট্র পরিচালনার মূলনীতি-সংবিধানের ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা সংক্রান্ত (অনুচ্ছেদ ১২) -এর সাথে সরাসরি সাংঘর্ষিক। অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে বারবার এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটলেও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ঘটনা প্রতিরোধ এবং পরবর্তী সময়ে জড়িতদের যথাযথভাবে চিহ্নিত করে বিচার নিশ্চিত করতে ব্যর্থ হচ্ছে। প্রকৃতপক্ষে এ ধরনের সাম্প্রদায়িক বিক্ষোভ ও হামলাগুলোর যথাযথ তদন্ত ও বিচার নিশ্চিত না হওয়ায় ধারাবাহিকভাবে এসব ঘটনা ঘটে চলেছে যার ফলে প্রাণহানি ও হতাহতের ঘটনা ঘটছে। এর ফলে দূর্ভাগ্যজনকভাবে সংখ্যালঘু বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে ভীতি ও নিরাপত্তাহীনতা তীব্রতর হয়ে উঠেছে মানবাধিকার ও সাংবিধানিক অধিকারের চরম লঙ্ঘন।

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

#### Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).